অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

ভ্যাটিকান জলবায়ু সম্মেলনের অংশ হিসাবে জলবায়ুর সাহসী লক্ষ্য এগিয়ে নিয়ে যেতে গভর্নর হোকল এবং আন্তর্জাতিক নেতারা প্ল্যানেটরি প্রোটোকল স্বাক্ষর করলেন

জলবায়ু পরিবর্তনে স্বাভাবিক অবস্থার জন্য প্ল্যানেটরি প্রোটোকল সবচেয়ে ঝুঁকিপূর্ণদের সুরক্ষিত রাখতে এবং জলবায়ু সংকটের মোকাবিলা করতে দ্রুত এবং সমন্বিত পদক্ষেপের প্রয়োজনীয়তা উপলব্ধি করেছে

মার্কিন জলবায়ু জোট-এর প্রধান গভর্নর হোকল, ভ্যাটিকান জলবায়ু সম্মেলনে নিউ ইয়র্কের জলবায়ুর স্বাভাবিক অবস্থার সাহসী পরিকল্পনা নিয়ে মতামত রাখেন

জলবায়ু পরিবর্তনে স্বাভাবিক অবস্থার জন্য প্ল্যানেটরি প্রোটোকল রয়েছে এখানে

ভ্যাটিকান জলবায়ু সম্মেলনের ফটো পাবেন এখানে

গভর্নর হোকল ঘোষণা করেন নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের স্বাভাবিক অবস্থার জন্য প্ল্যানেটরি প্রোটোকল স্বাক্ষর করেছেন, যা হল বিভিন্ন শহর, টাউন এবং গভর্নরেটের প্রধানদের মধ্যে হওয়া একটি আন্তর্জাতিক চুক্তি, যেটি পন্টিফিক্যাল একাডেমি অফ সায়েন্সেস এবং পন্টিফিক্যাল একাডেমি অফ সোশ্যাল সায়েন্সেস এর আয়োজিত জলবায়ুর ওপর যৌথ সম্মেলনের অংশ হিসাবে গঠিত হয়। প্রোটোকলটি জলবায়ুর সংকটের মোকাবিলা এবং সবচেয়ে ঝুঁকিপূর্ণদের সুরক্ষিত রাখার জন্য সমন্বিত বৈশ্বিক পদক্ষেপের প্রয়োজনীয়তা বারবার তুলে ধরে।

"আমরা যেমনভাবে এই পৃথিবীকে পেয়েছি তার চেয়ে আরও ভালো অবস্থায় এটি রেখে যাওয়ার একটা নৈতিক দায়িত্ব আমাদের আছে," **গভর্নর হোকল বলেন।** "হ্যারিকেন থেকে তাপপ্রবাহ পর্যন্ত, নিউ ইয়র্ক জলবায়ু সংকটের বিপর্যয়ের সাক্ষী থেকেছে। সারা পৃথিবী জুড়ে আমাদের সহকর্মীদের সাথে সহযোগিতার মধ্য দিয়ে, আমরা আরও স্থিতিশীল ভবিষ্যতের দিকে এগোতে থাকব।"

পোপ ফ্রান্সিসের 3-দিনের যৌথ সম্মেলন "জলবায়ুর সংকট থেকে জলবায়ুর স্বাভাবিক অবস্থা" (From Climate Crisis to Climate Resilience)-এ উপস্থিত হয়ে গভর্নর প্ল্যানেটরি প্রোটোকল স্বাক্ষর করেছিলেন। আজ, গভর্নর "এম্পায়ার স্টেটে জলবায়ুর নেতৃত্ব: সকলের জন্য স্বাভাবিক অবস্থা সৃষ্টি করে "Climate Leadership in the Empire State: Building Resiliency for All) সম্বোধন করে বক্তব্য পেশ করেন। গত সপ্তাহে, গভর্নর হোকলকে মার্কিন জলবায়ু জোট (U.S.

Climate Alliance)-এর প্রধান হিসাবে নিয়োগ করা হয়েছিল, জলবায়ু নিয়ে সাহসী পদক্ষেপের সমর্থনে 24 জন গভর্নরের একটি দ্বিদলীয় জোট।
জলবায়ু পরিবর্তনে স্বাভাবিক অবস্থার জন্য প্ল্যানেটরি প্রোটোকলে বলা রয়েছে:

আমরা জলবায়ু পরিবর্তনের স্বাভাবিক অবস্থার জন্য একটি প্ল্যানেটরি প্রোটোকল তৈরির ডাক দিয়েছে, যা বিজ্ঞান এবং সমাজ বিজ্ঞান এই দুই ক্ষেত্রের বিশেষজ্ঞদের দ্বারা এবং বিশেষ করে, মেয়র এবং গভর্নর সহ বিশ্বের বিভিন্ন কমিউনিটিতে সরাসরি পরিষেবা দিচ্ছেন তাদের দ্বারা অনুমোদিত। আমরা এই গুরুত্বপূর্ণ ব্যবস্থাগুলো অবিলম্বে বাস্তবায়ন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ:

- জরুরি পদক্ষেপের দিকনির্দেশ করার জন্য এবং নীতি পরিবর্তন এবং বাস্তবায়নের গতি বাড়ানোর জন্য একটি এক-পৃথিবীর চিন্তাধারা প্রয়োজন। জলবায়ু পরিবর্তনের স্বাভাবিক অবস্থা আনার জন্য প্রত্যেক ব্যক্তির মৌলিক অধিকারকে স্বীকার করা বাধ্যতামূলক।
- আমরা পৃথক অথব আন্তঃসংযুক্ত পদ্ধতিগত প্রতিবন্ধকতার সাথে মোকাবিলা করছি: জলবায়ু পরিবর্তন, বৃহত্তর মাত্রায় জৈববৈচিত্র্যের ঘাটতি, পরিবেশগত দূষণ, বৈশ্বিক অসমতা এবং খাদ্যে সুরক্ষার অভাব। এই সমস্যাগুলো, অত্যন্ত তৎপরতার সাথে সংঘবদ্ধভাবে মোকাবিলা না করা হয়, তাহলে তা মানবজাতি এবং অন্যান্য জীবিত প্রাণীর অস্তিত্বের পাশাপাশি তাদের নির্ভর করা বাস্তুতন্ত্রের ওপর সংকট সৃষ্টি করে। এক্ষেত্রে দরিদ্র মানুষরা সবচেয়ে প্রতিকূলভাবে প্রভাবিত হবে।
- আমরা উপলব্ধি করেছি যে, এই মুহূর্তে নির্গমনের বক্ররেখা নিম্নমুখী করার জন্য সবচেয়ে ইতিবাচক প্রশমন ব্যবস্থা নেওয়া হলেও, আগামী দিনগুলোয় জলবায়ুর পরিবর্তন আরও খারাপ হবে। আমাদের বায়ুমণ্ডলে দূষণের নির্গমণ সবসময় উপস্থিত আছে, যার কারণে হওয়া কষ্টভোগ সামাজিক-রাজনৈতিক মন্থরতা বাড়াবে। আমাদের একটি স্বল্প-মেয়াদী পরিকল্পনার (আগামী 25 বছরের জন্য সবেগে দৌড়) পাশাপাশি একটি দীর্ঘ-মেয়াদী পরিকল্পনা (25 থেকে 100 বছরের একটি ম্যারাথন) প্রয়োজন।
- উষ্ণতার বক্ররেখা দ্রুত নিম্নমুখী করতে হবে এবং বেঁচে থাকার জন্য টেকসই জীবনে প্রতিক্ষেপ করতে হবে যা একপ্রকার উপযুক্ত এবং দীর্ঘস্থায়ী। গ্লোবাল কর্পোরেশ অপরিহার্য, যেহেতু কোনও জায়গায় নির্গমন হলে তা বিশ্বের সবজায়গাকে উত্তপ্ত করে তোলে।
- আমরা জলবায়ুর স্বাভাবিক অবস্থার জন্য একটি দ্রুত, বহুমুখী দিকের পক্ষসমর্থন করি: দ্রুততার সাথে নির্গমন কমিয়ে, বর্তমান জলবায়ুতে হওয়া পরিবর্তন মানিয়ে নিয়ে এবং উদ্ভাবনী আর্থিক পদ্ধতি বাস্তবায়ন করে। এই প্রচেষ্টার মাধ্যমে গ্লোবাল কর্পোরেশন উদাহরণস্বরূপ প্রত্যাশিত বড়-মাত্রায় মাইগ্রেশন, গ্রহ ঠান্ডা করার জন্য অবিলম্বে আচরণগত বদল, রূপান্তরমূলক শিক্ষা এবং সমুদ্র ও ভূমি পুনরুদ্ধারের মতো বিষয় সমাধান করবে বলে আশা করা হয়।
- ধনী দেশ এবং বিশ্বের ধনশালীদের পরিচ্ছন্ন শক্তি, জল, খাবার এবং বাতাস দিয়ে অবশ্যই তিন বিলিয়ন দরিদ্রতম মানুষকে ক্ষমতায়ন করতে হবে, যারা জলবায়ু পরিবর্তনে সবচেয়ে কম অবদান রাখে। এই পদক্ষেপগুলো স্থানীয়ভাবে এবং বিশ্বজনীনভাবে জলবায়ুর ন্যায়বিচার এবং শান্তিতে অবদান রাখবে।
- আমরা উপলব্ধি করেছি যে স্বাস্থ্যকর প্রাকৃতিক সিস্টেম আমাদের শারীরিক, সামাজিক এবং অর্থনৈতিক স্থায়ীত্বকে জোরালো করে এবং প্রকৃতি-নির্ভর জলবায়ুর সমাধানের স্তরভিত্তিক বাস্তবায়নে জরুরি পদক্ষেপের পক্ষসমর্থন করে।

- আমরা স্বীকার করি যে P2C2R এর স্থাপত্য অবশ্যই তিন-স্তম্ভের MAST নীতির উপর গড়ে তুলতে হবে, যেমনভাবে PAS এবং PASS এর বিবৃতির COP-28 এ বর্ণনা করা আছে। MAST-এর বিস্তারিত যেমন এটি মূল উপাদানগুলো এই প্রোটোকলের সম্প্রসারিত সংস্করণে দেওয়া আছে।

- দ্রুততার সাথে বৈশ্বিক গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানোর জন্য এবং 2050 সালের মধ্যে উষ্ণতার বক্ররেখা নিম্নমুখী করে যত তাড়াতাড়ি সম্ভব সাময়িক লক্ষ্যমাত্রার ছাড়িয়ে যাওয়া 2°সেঃ এর নিচে সীমিত করতে এবং উষ্ণতা 1.5°সেঃ এ সীমিত করতে নিজেদের সাধ্যমতো সবকিছু করাই হল MAST-এর প্রথম স্তম্ভ... এবং সেইসাথে বায়ুমণ্ডল থেকে অতিসক্রিয়ভাবে CO2 অপসারণে প্রকৃতি-নির্ভর সমাধানকে প্রাধান্য দেওয়া।

- অনিবার্য জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন হল MAST-এর দ্বিতীয় স্তম্ভ। অভিযোজনের তিনটি উদ্দেশ্য আছে: জলবায়ু পরিবর্তনের সংবেদনশীলতা হ্রাস করা, জলবায়ু হুমকির প্রকাশ কমানো, এবং গ্রহণযোগ্য ক্ষমতা বাড়ানো। তবে, মানবজাতি এবং বাস্তুতন্ত্রের অভিযোজনের একটা সীমা থাকে, এবং এই সীমার মধ্যে থাকতে, অভিযোজনকে অবশ্যই প্রশমনের সাথে কঠোরভাবে সমন্বিত করতে হবে। গুরুত্বপূর্ণভাবে, অভিযোজনকে সমানভাবে প্রশনের মতোই প্রাধান্য দিতে হবে এবং তার জন্য সমাজের সমস্ত ক্ষেত্রে এবং স্তরে পদক্ষেপ প্রয়োজন। অভিযোজনের প্রয়াসের মধ্যে জনস্বাস্থ্যে একটি কেন্দ্রবিন্দু অন্তর্ভুক্ত করতে হবে, যার মধ্যে মানসিক স্বাস্থ্য এবং সুস্থতার পাশাপাশি অন্যান্য প্রাণী এবং বাস্তুতন্ত্রের সমৃদ্ধি রয়েছে - P2C2R এর অধীনে সমাধানে অভিযোজনের পরিকল্পনায় একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার। আগামী কয়েক দশকে বড় সংখ্যায় মৃত্যু এড়াতে হিট স্ট্রেস গ্রহণ করা অপরিহার্য।

- সামাজিক রূপান্তর হল MAST-এর তৃতীয় স্তম্ভ, যা এই সংকট কাটিয়ে ওঠার পরে একটি স্থিতিশীল ভবিষ্যতে উন্নতির জন্য অপরিহার্য। সামাজিক রূপান্তরের মধ্যে সমাজ-অর্থনৈতিক ব্যবস্থা এবং শাসনের ক্ষেত্রে ব্যবহার সহ আচরণে মৌলিক বদল জড়িয়ে আছে। পোপ ফ্রান্সিসের কথায়, "এই রূপান্তর একটি বাস্তুতান্ত্রিক রূপান্তরের অনুরূপ।" জলবায়ুর সংকট একটি আরও শক্তিশালী, আরও স্বাস্থ্যকর এবং আরও উপযুক্ত এক বিশ্ব গড়ে তোলার জন্য আমাদের সামনে এক অদ্বিতীয় সুযোগ এনে উপস্থিত করেছে, যা এই সত্য প্রতিফলিত করে যে আমাদের উন্নতি প্রকৃতিক দুনিয়া এবং অন্যান্য প্রাণীর সুস্থতার উপর নির্ভরশীল।

- এই রূপান্তরের জন্য সকলের জলবায়ু সম্পর্কে জ্ঞান প্রয়োজন, শিশু থেকে প্রাপ্তবয়স্ক; সাশ্রয়ী শক্তি, নির্মল বাতাস এবং জল, এবং বিশ্বের দরিদ্রতম তিন বিলিয়ন মানুষের জন্য শিক্ষা অ্যাক্সেসের জন্য, যাতে তারা জলবায়ুর বিপর্যয়ের সাথে মানিয়ে নিতে পারে এবং বিশ্বের উষ্ণায়ন পরবর্তী সময়ে উন্নতি করতে পারে; প্রশমন এবং অভিযোজনের জন্য সরকারি-বেসরকারি অংশীদারীত্ব; দক্ষতা এবং প্রশিক্ষণের ব্যবস্থা, যাতে এই পরিবর্তনগুলো সরবরাহের জন্য প্রয়োজনীয় চাকরিগুলোতে সমস্ত অ্যাক্সেসের অনুমতি দেওয়া যায়, এবং বিশ্বাস-ভিত্তিক প্রতিষ্ঠানগুলোর সাথে অংশীদারীত্ব যাতে জলবায়ুর কার্যক্রমে জনসাধারণের প্রবল সমর্থন পাওয়া যায়।

- স্বাভাবিক অবস্থায় উৎসাহ দিতে পরিকল্পনা এবং নীতির উদ্যোগগুলোকে অবশ্যই শিশু-কেন্দ্রীক অভিমুখ গ্রহণ এবং অন্তর্ভুক্ত করতে হবে।
- বিশ্ব জুড়ে স্কুলের পাঠক্রমে সর্বাঙ্গীণ পরিবেশগত এবং স্থায়ীত্বের শিক্ষা অন্তর্ভুক্ত করতে হবে, যাতে নিশ্চিত করা যায় সকল শিশুর পরিবেশগত সমস্যা, স্থায়ী ব্যবস্থা এবং ছোটবেলা থেকেই একটি স্থিতিশীল ভবিষ্যত প্রতিপালনে তাদের ভূমিকা সম্বন্ধে একটা গভীর ধারণা আছে। এর মধ্যে মনোভাবের উন্নতি অন্তর্ভুক্ত করতে হবে যা গ্রহে দায়িত্বসম্পন্ন স্টুয়ার্ডশিপে, পরিবেশগত প্রতিবন্ধকতা সম্বন্ধে গুরুত্বপূর্ণ ভাবনাচিন্তার, পাশাপাশি স্থিতিশীল শিল্প-কারখানাগুলোতে ভবিষ্যতে কর্মজীবনের প্রস্তুতিতে উৎসাহ দেয়।
- আমাদের অবিলম্বে জীবাশ্ম জ্বালানীর শক্তি থেকে পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরিত হতে হবে।
- জীবাশ্ম জ্বালানীর ক্ষতিকর সহায়কগুলোকে সেইসব কাজের সহায়তায় পরিবর্তন করতে হবে যা দ্রুত উষ্ণতার বক্ররেখা নিম্নমুখী করতে পারে, সর্বজনীন স্বাস্থ্য কভারেজ উন্নত করে, গণ পরিবহন সহজতর করেরে এবং বায়ু ও জল দূষণ কমায়, স্বাস্থ্যকর খাবারের পছন্দ এনে দেয় এবং সমতার প্রচার করে।
- উষ্ণতার বক্ররেখা দ্রুত নিম্নমুখী করতে, সমতার প্রচার করতে এবং স্বাস্থ্যকর খাবারের পছন্দ এনে দিতে, স্থিতিশীল কৃষির জন্য একটি দৃঢ় প্রতিশ্রুত নিতেই হবে।
- আবালবৃদ্ধবনিতা, সকলকে শিক্ষিত করার জন্য একটি বিশ্বজনীন উদ্যোগের মাধ্যমে জনসাধারণ, সম্প্রদায় এবং বেসরকারি সেক্টরের মধ্যে আচরণগত পরিবর্তন অন্তর্নিহিত করতে হবে।
-গবেষক এবং নীতি প্রণয়নকারীরা প্রমাণ-ভিত্তিক ট্রান্স-ডিসিপ্লিনারি সহযোগিতা গ্রহণ করা উচিত এমন সমাধানের খোঁজে কাজ করছেন যা সরকারের বিভিন্ন স্তরে উপলভ্য সংস্থান সামলানোর জন্য বিভিন্ন মেয়র, গভর্নর, এবং স্থানীয় NGOগুলোকে অন্তর্ভুক্ত করেছে।
-জলবায়ু পরিবর্তন বৈশ্বিক, তবে স্থানীয়ভাবে প্রভাব ফেলে এবং স্থানীয় পদক্ষেপ প্রয়োজন। ফলে, বৈশ্বিক জলবায়ু নীতিতে মেয়র এবং গভর্নরদের শক্তিশালী বক্তব্য সহজতর করতে আমরা বিভিন্ন দেশের প্রধানদের ডেকেছি।

সারা বিশ্বের জনসাধারণকে ঘিরে একটি গভীর সামাজিক রূপান্তর অবিলম্বে এবং মারাত্মকভাবে প্রয়োজন। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে এবং জলবায়ুর স্বাভাবিক অবস্থার জন্য দ্রুত, সমন্বিত পদক্ষেপ নিয়ে বিশ্বজুড়ে সমস্ত সমাজকে আলোকিত এবং গ্যালভানাইজ করাই হল আমাদের লক্ষ্য। আমাদের কৌশল হল MAST ব্যানারের অধীনে সর্বাঙ্গীণ, প্রশস্ত নীতি পরিবর্তন, শিক্ষা এবং আচরণগত পরিবর্তন। এটি একটি কেন্দ্রস্থিত মুহূর্ত যা অবিচল প্রতিশ্রুতি এবং অবিলম্বে পদক্ষেপ নেওয়ার ডাক দেয়। আমাদের অবশ্যই এই মুহূর্ত এবং এক হিতৈষী যুগে স্থানান্তরের সময়টি ধরে রাখতে হবে, যেন সেখানে কেউ বাদ না পড়ে থাকে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, যার মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তির উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো ক্লিন এনার্জিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে 64টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রীন ব্যাংক প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি খাতে 170,000 এরও বেশি চাকরি এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটিকে নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন